



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ইউনিট A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৩১৯/সা.বি.অ/১৩৫ পাট ১৫

তারিখ: ২৩/০৯/২০২৩

### নোটিশ

#### সর্বশেষ বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর অধীনে ইংরেজি বিভাগে মেধার ভিত্তিতে এবং ২০-০৯-২০২৩ তারিখের বিজ্ঞপ্তির প্রেক্ষিতে (সূত্র: ৩১৩/সা.বি.অ/১৩৫ পাট ১৫, তারিখ: ২০/০৯/২০২৩) ফারসি ভাষা ও সাহিত্য, সংস্কৃত এবং উর্দু বিভাগে ভর্তির জন্য যারা প্রবেশপত্র জমা দিয়েছে তাদের মধ্য থেকে মেধার ভিত্তিতে উক্ত তিন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশ করা হলো। নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তাদের নামের পাশে উল্লেখিত বিভাগে আগামীকাল ২৪-০৯-২০২৩ তারিখ সকাল ৯:০০টা থেকে বিকাল ৪:০০টার মধ্যে ভর্তি হওয়ার জন্য বলা যাচ্ছে। উক্ত তিন বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান ছাত্র-ছাত্রীদের তালিকাও এর সাথে অন্তর্ভুক্ত করা হলো। আসন খালি থাকা সাপেক্ষে ঐ দিনই (২৪-০৯-২০২৩ তারিখ) বিকাল ২.৩০টা থেকে ৬.৩০টার মধ্যে তাদেরকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আসন শূন্য আছে কিনা তা বিকেল ২:০০টার পর সরাসরি যোগাযোগ অথবা ০২৫৮৮৮৬৪১৩০ নম্বরে ফোন করে জানা যাবে।

#### ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

১. নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ২৪ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ সকাল ৯টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ফরমটি A4 সাইজ অফসেট কাগজে ৩ (তিন) কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে (সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসের নোটিশ বোর্ডে প্রদত্ত ফরমট অনুযায়ী) ইউনিট অফিসে (সামাজিক বিজ্ঞান অনুষদ) জমা দিতে হবে।
২. ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। ভর্তি ফি জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও online admission guideline থেকে জানা যাবে।
৩. সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের ২ (দুই) কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

১. ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র
২. Subject Choice Form-এর প্রিন্ট কপি
৩. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল মার্কশীট
৪. এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়